গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
(রাজস্ব শাখা)
www.rajbari.gov.bd

স্মারক নম্বর : ০৫.৩০.৮২০০.০২০.৩৮.০০১.২৪.১৭

তারিখ : ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর প্রজ্ঞাপনমূলে রাজবাড়ী জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ একরের উর্ধ্বের ০১টি জলমহাল 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯' এর আলোকে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে।

জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নলিখিত তারিখে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন করা যাবে। তাছাড়া জলমহালের আবেদন আহ্বান বিজ্ঞপ্তি www.rajbari.gov.bd ওয়েবসাইটেও পাওয়া যাবে।

জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত ২০ একরের উর্ধ্বের বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

| ক্রম | আবেদন দাখিলের তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ১৪৩২ বঙ্গাব্দের ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫-০১-২০২৬ থেকে ২৯-০১-২০২৬ তারিখ) | অনলাইনে আবেদন দাখিল |
| ২. | ১৮ মাঘ থেকে ২০ মাঘ ০৩ কার্যদিবসের মধ্যে (০১-০২-২০২৬ থেকে ০৩-০২-২০২৬ তারিখ অফিস সময় পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদন ও সংযুক্ত অন্যান্য কাগজপত্রের প্রিন্টেড কপি, জামানত ও চালানের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর রাজস্ব শাখায় দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। |

রাজবাড়ী জেলার ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য জলমহালসমূহের তালিকা:

| ক্রম | উপজেলার নাম | জলমহালের নাম | জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত বার্ষিক সরকারি ইজারা মূল্য (ভ্যাট ও আয়কর ব্যতীত) |
|---|---|---|---|
| ১ | বালিয়াকান্দি | পাইককান্দি চর আড়কান্দি (বদ্ধ) জলমহাল | ৮,৭০,১০১/- |

**শর্তসমূহ:**

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;

০২। 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯' অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে;

০৩। জেলা পর্যায়ে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) নির্দিষ্ট "১-৪৬৩১-০০০০-১২৬১" নং কোডে জমা প্রদান করে জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা থেকে জলমহাল ইজারার আবেদন ফরম সংগ্রহ করতে হবে। অনলাইনে আবেদনে উক্ত চালানের কপি সংযুক্তিসহ এ কার্যালয়ে দাখিলকৃত প্রিন্ট কপির সাথে মূল চালান সংযুক্ত করতে হবে;

০৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার **পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে** আবেদন ফরম ও সংযুক্তিসমূহের প্রিন্টেড কপিসহ 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯'অনুসরণপূর্বক **জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে জেলা প্রশাসক, রাজবাড়ী এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে** জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর রাজস্ব শাখায় **দাখিল করতে হবে;**

০৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপার্শ্বে জেলা প্রশাসক, রাজবাড়ী এবং খামের বাম পার্শ্বে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে;

০৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে;

০৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে;

০৮। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে ইজারা গ্রহীতাকে প্রথম বৎসরের সমুদয় ইজারা বাবদ অর্থ নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না;

০৯। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে;

১০। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন;

১১। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে;

১২। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন সমিতিকে ০৩(তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে;

১৩। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। প্রকৃত মৎস্যজীবী নিরূপণের ক্ষেত্রে FID বিবেচনায় নেয়া হবে এবং কার্ডধারী মৎস্যজীবী সমিতি অগ্রাধিকার পাবে;

১৪। বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্টসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যেকোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রয়োজন হবে না;

১৫। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

১৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন;

১৭। সর্বাবস্থায় 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯' এবং ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র, প্রজ্ঞাপন অনুসরণ করে জলমহালসমূহ ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে; এবং

১৮। ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। বিস্তারিত তথ্য **জেলা প্রশাসনের ওয়েবসাইট (www.rajbari.gov.bd)** অথবা অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোকে যোগ্যতাসাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪.০২.২৬

সুলতানা আক্তার
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজবাড়ী
ফোন: ০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল: dcrajbari@mopa.gov.bd